দৈনিক বাংলা

তারিখ 27 APR 1989
পৃষ্ঠা C কলাম 6—

71

২৩

## রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষার সময়সূচী দেয়া হয়েছে ৩রা জুন থেকে ৮ই জুন কিন্তু এতে যে সব ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক মানউন্নয়ন পরীক্ষা দিতে যাচ্ছেন তাদের কথা মোটেও বিবেচনা করা হয়নি। বস্তুত প্রয়োজনীয় যোগ্যতা ও প্রস্তুতি থাকা সত্ত্বেও এই সময়সূচীর কারণে অনেক মানউন্নয়ন পরীক্ষার্থীকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে অসুবিধার সম্মুখীন হবে। অর্থাৎ অনেকে পরীক্ষা দিতেই পারবে না। কারণ ৮ই জুন থেকে শুরু হচ্ছে উচ্চ মাধ্যমিক পরীক্ষা। অতএব এই সব ছাত্র-ছাত্রীর অসুবিধার কথা বিবেচনা করে উক্ত সময়সূচী পরিবর্তন করা আবশ্যক। বিষয়টি সহৃদয়তার সাথে বিবেচনা করে সময়সূচী পরিবর্তনের আশু ব্যবস্থা নেয়ার জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আমরা বিশেষ অনুরোধ জানাচ্ছি।

বি এইচ সুলতান
ঘাসিপাড়া দিনাজপুর।